


ইজিসিবি সংবাদ

ইজিসিবি এর কর্মকান্ত সম্পর্কিত একটি ত্রৈমাসিক প্রকাশনা
বর্ষ ০১, সংখ্যা ০৩, জানুয়ারি-মার্চ, ২০২২



নির্মলেন্দু গুণ কবিতায় বলেছেন, 'কে রোধে তাঁহার বজ্রকণ্ঠবাণী? গণসূর্যে মঞ্চ কাঁপিয়ে কবি শোনালেন তাঁর অমর- কবিতাখানি।' বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ ছিল একটি অগ্নিশাল যা বিস্ফোরিত করেছিল মুক্তিযুদ্ধের দাবানল যার সামনে টিকতে পারেনি হানাদার পাকিস্তানি সেনাবাহিনী। জাতির জনকের ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ শুধু বাংলাদেশের মানুষের হৃদয়কেই নাড়া দেয়নি, ভাষণটি সারাবিশ্বে আলোড়ন সৃষ্টি করেছিল। এ ভাষণের মধ্য দিয়ে সমগ্র জাতিকে মুক্তির মোহনায় দৌড় করিয়েছিলেন জাতির জনক। তিনি একটি ভাষণের মধ্য দিয়ে মুক্তিযুদ্ধের সামগ্রিক দিকনির্দেশনা দিয়েছিলেন।

শতভাগ বিদ্যুতায়নের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে অবদান এবং মুজিববর্ষে শতভাগ বিদ্যুতায়ন সফলভাবে সম্পন্ন করায় বিদ্যুৎ বিভাগকে 'স্বাধীনতা পুরস্কার ২০২২' প্রদান



বিদ্যুৎ বিভাগের পক্ষে 'স্বাধীনতা পুরস্কার ২০২২' গ্রহণ করেন বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী জনাব নসরুল হামিদ। মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা তাঁর কার্যালয়ে আয়োজিত পদক প্রদান অনুষ্ঠানে এ পদক বিজয়ীদের মাঝে তুলে দেন। অনন্য সাধারণ এ অর্জনে বিদ্যুৎ বিভাগের প্রতিটি কর্মীদের আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ। তথ্যসূত্রঃ বিদ্যুৎ বিভাগ

ঐতিহাসিক ৭ মার্চ: ভাষণ অথবা একটি কবিতার গল্প

বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ বিশ্বের অন্যান্য শ্রেষ্ঠ ভাষণ থেকে উজ্জ্বল ও বিশেষ বৈশিষ্ট্যমণ্ডিত। এ ভাষণ নিরস্ত্র বাঙালি জাতিকে রাতারাতি সশস্ত্র করে তোলে। একটি ভাষণকে অবলম্বন করে স্বাধীনতার জন্য ৩০ লাখ বাঙালি জীবন উৎসর্গ ও কয়েক লাখ মা—বোন সন্ত্রম বিসর্জন দেন। '৭১—এর মুক্তিযুদ্ধকালে এ ভাষণ (বজ্রকণ্ঠ) রণাঙ্গনের মুক্তিযোদ্ধাদের শত্রুর বিরুদ্ধে লড়াইয়ে অনুপ্রাণিত করে। বলা যায়, এই একটি ভাষণ একটি জাতিরাত্রি, বাংলাদেশ সৃষ্টি করেছে, যা বিশ্বে নজিরবিহীন। জাতিসংঘ সংস্থা ইউনেসকো এ ভাষণকে ৩০ অক্টোবর ২০১৭ বিশ্ব—ঐতিহ্য সম্পদ হিসেবে স্বীকৃতি দিয়ে 'দ্য ইন্টারন্যাশনাল মেমোরি অব ওয়ার্ল্ড রেজিস্টার'—এ অন্তর্ভুক্ত করেছে।



ঐতিহাসিক ৭ ই মার্চ, মুজিব শতবর্ষে শতভাগ বিদ্যুতায়ন ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে ইজিসিবি এর বিদ্যুৎকেন্দ্র সমূহের প্রশাসনিক ভবন ও অন্যত্র আলোকসজ্জার ব্যবস্থা করা হয়।

জনাব তানিয়া খান; যুগ্মসচিব, পরিকল্পনা-২ এর হরিপুর বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন



জনাব তানিয়া খান; যুগ্মসচিব, পরিকল্পনা-২ এর হরিপুর বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শনের স্থিরচিত্র

বিদ্যুৎ বিভাগ, বিজাখস মন্ত্রণালয়ের যুগ্মসচিব, পরিকল্পনা-২, জনাব তানিয়া খান গত ১৯ জানুয়ারি, ২০২২ তারিখে হরিপুর ৪১২ মেঃ ওঃ কন্সট্রাক্ট সাইকেল বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন করেন। এ সময় জনাব পরিতোষ কুমার পাল, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংরক্ষণ); সৈয়দ গোলাম রুমী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিচালন); মো: দিলওয়ার হোসেন, নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক); মো: সিদ্দিকুর রহমান, নির্বাহী প্রকৌশলী (আইএন্ডসি); অনিমেস সাহা, নির্বাহী প্রকৌশলী (তেড়িং); মো: আব্দুল করিম, ব্যবস্থাপক (এইচআর); মো: রাশিদুল হাসান, ব্যবস্থাপক (হিসাব) ও বিদ্যুৎকেন্দ্রের অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে জনাব তানিয়া খান, যুগ্মসচিব মহোদয় বিদ্যুৎ কেন্দ্রের সার্বিক পরিস্থিতি ও বিদ্যুৎ কেন্দ্রের সুষ্ঠু ব্যবস্থাপনা ও উন্নয়নের উপর আলোকপাত করেন।

যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যে ইজিসিবি তে আন্তর্জাতিক মাতৃভাষা ও শহীদ দিবস পালিত

বায়ান্নর ভাষা আন্দোলন পূর্ব বাংলা তথা বাংলাদেশীদের মধ্যে যে জাতীয় চেতনার উন্মেষ ঘটায়, তাই পরবর্তীকালে বাঙালি জাতীয়তাবাদের জন্ম দেয়। এই জাতীয়তাবাদী চেতনাই বাঙালি জাতিকে স্বশাসন অর্জনের দিকে পরিচালিত করে। এতে বাঙালির মনে যে বৈপ্লবিক চেতনা ও ঐক্যের উন্মেষ ঘটায়, তা পরবর্তীকালে সকল আন্দোলনে প্রাণশক্তি হিসেবে অনুপ্রেরণা যোগায়। সর্বোপরি একটি স্বাধীন সত্ত্বা হিসেবে আত্মপ্রকাশের পেছনে একুশের তাৎপর্য বাঙালি চিরদিন শ্রদ্ধাভরে স্মরণ রাখবে। একুশের চেতনাকে সারা বিশ্বে ছড়িয়ে দিতে প্রতিটি বাঙালিকে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। বাংলা ভাষার সম্প্রসারণের মাধ্যমে বিশ্বপরিচয়ে বাঙালি হয়ে উঠবে অনন্য এক শক্তিশালী জাতি।



২১শে ফেব্রুয়ারি, আন্তর্জাতিক মাতৃভাষা ও শহীদ দিবস উদযাপন উপলক্ষে ইজিসিবি এর বিদ্যুৎকেন্দ্র সমূহে শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয় এবং জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয়।

হরিপুর ৪১২ মেঃ ওঃ বিদ্যুৎ কেন্দ্রের কর্মকর্তাদের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (NIS) বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ

হরিপুর ৪১২ মেঃ ওঃ বিদ্যুৎ কেন্দ্রের কর্মকর্তাদের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (NIS) বাস্তবায়ন বিষয়ক ০১ (একটি) প্রশিক্ষণ গত ১৯/০১/২০২২ তারিখে সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিদ্যুৎ কেন্দ্রের কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত হয়। জনাব পরিতোষ কুমার পাল, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংরক্ষণ) ও মো: আব্দুল করিম, ব্যবস্থাপক (এইচআর) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করেন। উক্ত প্রশিক্ষণে অত্র বিদ্যুৎ কেন্দ্রের বিভিন্ন দপ্তরে কর্মরত কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। উল্লেখ্য, ইজিসিবি'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত ইজিসিবি'র কর্পোরেট দপ্তর এবং বিদ্যুৎ কেন্দ্র সমূহে নিয়মিত প্রয়োজনীয় প্রশিক্ষণ সমূহ প্রদান করা হচ্ছে।



হরিপুর ৪১২ মেঃ ওঃ বিদ্যুৎ কেন্দ্রের কর্মকর্তাদের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (NIS) বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণের একাংশ

ইজিসিবি লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত



জনাব অরুন কুমার সাহা, সদ্য বিদায়ী ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে ফ্রেস্ট প্রদান করছেন ইজিসিবি'র সম্মানিত চেয়ারম্যান ও ইজিসিবি বোর্ডের অন্যান্য সদস্যবৃন্দ।

২৭/০২/২০২২ তারিখে ইজিসিবি'র কর্পোরেট দপ্তরের কনফারেন্স রুমে ইজিসিবি লিঃ এর সদ্য বিদায়ী ব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার সাহা মহোদয়ের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়। তিনি প্রায় ০৩ বছর ইজিসিবি লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক পদে কর্মরত ছিলেন এবং এই দীর্ঘ সময়ে তিনি সাফল্যের সহিত কাজ করে ইজিসিবি লিঃ কে তঁর কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছাতে অগ্রণী ভূমিকা পালন করেন। ইজিসিবি'র সম্মানিত চেয়ারম্যান মহোদয় এবং ইজিসিবি বোর্ডের অন্যান্য সদস্যবৃন্দ সংবর্ধনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। এ সময় সদ্য বিদায়ী ব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার সাহা মহোদয়কে ফ্রেস্ট প্রদান ও ফুলেল শুভেচ্ছা প্রদান করা হয়। ইজিসিবির প্রতি তাঁর আন্তরিক শ্রম ও সেবার জন্য তাঁকে বিশেষ ধন্যবাদ জ্ঞাপনপূর্বক তাঁর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করা হয়।

ইজিসিবি লিঃ এর নবনিযুক্ত ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক এর দায়িত্ব গ্রহণ



ইজিসিবি লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত) হিসেবে জনাব ধূর্জটি প্রসাদ সেন দায়িত্ব গ্রহণ করায় ইজিসিবি পরিবার হতে তাঁকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়। এ সময় নির্বাহী পরিচালক (পিএন্ডডি), নির্বাহী পরিচালক (ওএন্ডএম), প্রধান প্রকৌশলীগণ ও অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। নবনিযুক্ত ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করা হয় এবং তাঁর সুযোগ্য নেতৃত্বে ইজিসিবি লিঃ কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছাবে সেই আশাবাদ ব্যক্ত করা হয়।

ইজিসিবি লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক (প্রাক্তন) জনাব অরুন কুমার সাহা অবসর গ্রহণ করায় ইজিসিবি বোর্ড এর সদস্য ও বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের সদস্য জনাব ধূর্জটি প্রসাদ সেন মহোদয়কে ইজিসিবি লিঃ এর ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালকের দায়িত্ব প্রদান করা হয়।

জনাব ধূর্জটি প্রসাদ সেন এর সংক্ষিপ্ত জীবন বৃত্তান্তঃ

জনাব ধূর্জটি প্রসাদ সেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক এবং এবং খুলনা বিশ্ববিদ্যালয় থেকে ইএমবিএ ডিগ্রি লাভ করেন। তিনি ১৯৮৬ সালে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডে একজন সহকারী প্রকৌশলী হিসেবে যোগদান করেন। বর্তমানে তিনি বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের সদস্য হিসেবে কর্মরত আছেন। বিদ্যুৎ খাতের সক্ষমতা বৃদ্ধি এবং বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ ব্যবস্থার উন্নয়নেও তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন।

ইজিসিবিতে আন্তর্জাতিক নারী দিবস ২০২২ উৎযাপিত



আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে ইজিসিবি লিঃ এর কর্পোরেট দপ্তরে ও বিদ্যুৎকেন্দ্র সমূহে আলোচনা সভার আয়োজন করা হয় এবং ইজিসিবিতে বিভিন্ন পদে কর্মরত নারী কর্মীদের ফুলের শুভেচ্ছা প্রদান করা হয়।



বিশ্বের ৮০টির বেশি দেশে প্রতিবছর ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস হিসেবে পালিত হচ্ছে। দেশগুলো নিজেদের মতো করে দিবসটি উদযাপন করে। জাতিসংঘ ১৯৭৫ সালে নারী দিবসকে আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি দেয়। জাতি, ধর্ম, ভাষা, সংস্কৃতি অর্থনৈতিক বা রাজনৈতিক ভেদাভেদ ভুলে নারীদের কৃতিত্বকে স্বীকৃতি জানানোর জন্য এই দিনটি পালিত হয় সারা বিশ্বে। নারীর ক্ষমতায়ন ও নারীর অধিকার সুনিশ্চিত করার লক্ষ্যে নারী দিবসের তাৎপর্য অনস্বীকার্য। ইজিসিবি লিঃ নারী দিবস উৎযাপনে আলোচনা অনুষ্ঠান আয়োজন করা হয় এবং ইজিসিবি তে কর্মরত নারীদের শুভেচ্ছা প্রদান করা হয়।

হরিপুর ৪১২ মেঃ ওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের গ্যাস টারবাইন-এর প্রথম মেজর ইন্সপেকশন (1st MI) কাজ শুরু

ইজিসিবি-এর হরিপুর ৪১২ মেঃ ওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের গ্যাস টারবাইনের মেজর ইন্সপেকশন (Major Inspection) কাজ গত ২২-০২-২০২২ তারিখ হতে শুরু হয়। এসময় সার্বিক কার্যক্রম পরিদর্শনে বিদ্যুৎ কেন্দ্রের প্রধান প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংরক্ষণ), নির্বাহী প্রকৌশলীগণ উপস্থিত ছিলেন। পরিদর্শনকালীন প্রধান প্রকৌশলী মহোদয় কাজের সাথে সংশ্লিষ্ট সকলকে সর্বোচ্চ নিরাপত্তা ও সেফটি আইটেম পরিধান করে কাজ করার জন্য নির্দেশনা প্রদান করেন। উল্লেখ্য বিদ্যুৎকেন্দ্রটি পূর্ণ ক্যাপাসিটিতে জাতীয়গ্রীডে বিদ্যুৎ সরবরাহ করে আসছে।

**সিদ্ধিরগঞ্জ ২X১২০ মেঃওঃ পিকিং পাওয়ার প্লান্ট এবং
সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রে ফায়ার ড্রিল সম্পন্ন**

ইজিসিবি'র সিদ্ধিরগঞ্জ ২X১২০ মেঃওঃ পিপিপি এর কর্মকর্তাদের অগ্নি-নির্বাণন ব্যবস্থা সম্পর্কে সচেতনতার অংশ হিসেবে জরুরী অবস্থা মোকাবেলার জন্য গত ২৩ফেব্রুয়ারি, ২০২২ তারিখে একটি ফায়ার ড্রিল সম্পন্ন হয়। ফায়ার সার্ভিস, আদমজী ইউনিট এর তত্ত্বাবধানে উক্ত ড্রিলটি পরিচালনা করা হয়। ড্রিলটি অত্র বিদ্যুৎ কেন্দ্রের প্রশাসন শাখা কর্তৃক আয়োজন করা হয়েছিলো। বিদ্যুৎ কেন্দ্রের সংশ্লিষ্ট সকল কর্মকর্তাবৃন্দ উক্ত ফায়ার ড্রিলে অংশ নিয়েছিলেন।

ইজিসিবি'র সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ সিসিপিপি এর কর্মকর্তাদের অগ্নি-নির্বাণন ব্যবস্থা সম্পর্কে সচেতনতার অংশ হিসেবে জরুরী অবস্থা মোকাবেলার জন্য গত ০৩ফেব্রুয়ারি, ২০২২ তারিখে একটি ফায়ার ড্রিল সম্পন্ন হয়। ফায়ার সার্ভিস, আদমজী ইউনিট এর তত্ত্বাবধানে উক্ত ড্রিলটি পরিচালনা করা হয়। ড্রিলটি অত্র বিদ্যুৎ কেন্দ্রের প্রশাসন শাখা কর্তৃক আয়োজন করা হয়েছিলো। বিদ্যুৎ কেন্দ্রের সংশ্লিষ্ট সকল কর্মকর্তাবৃন্দ উক্ত ফায়ার ড্রিলে অংশ নিয়েছিলেন।



সিদ্ধিরগঞ্জ ২X১২০ মেঃওঃ পিপিপি এবং সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ সিসিপিপি এর ফায়ার ড্রিলের একাংশ

**ইজিসিবি'র নবনিযুক্ত ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক জনাব খুর্জটা প্রসাদ সেন এর
ইজিসিবি'র আওতাধীন বিদ্যুৎ কেন্দ্রসমূহ পরিদর্শন**



ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক সিদ্ধিরগঞ্জ ২X১২০ মেঃওঃ পিপিপি পরিদর্শনের একাংশ

ইজিসিবি'র নবনিযুক্ত ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক জনাব খুর্জটা প্রসাদ সেন ০৫ ফেব্রুয়ারি, ২০২২ তারিখে ইজিসিবি'র আওতাধীন সিদ্ধিরগঞ্জ ২X১২০ মেঃওঃ পিকিং পাওয়ার প্লান্ট, সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র এবং হরিপুর ৪১২মেঃওঃ কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন করেন। এ সময় জনাব নাজমুল আলম, নির্বাহী পরিচালক (পিএন্ডডি); জনাব এ.কে.এম. মনজুর কাদির নির্বাহী পরিচালক (ওএন্ডএম); বিদ্যুৎকেন্দ্রের প্রধান প্রকৌশলী ও অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় চলমান ৪১২মেঃওঃ সিসিপিপি এর মেজর ইন্সপেকশন কাজ এবং ৩৩৫মেঃওঃ সিসিপিপি এর DAF Modification কাজ সরেজমিনে পরিদর্শন করেন এবং তদসংক্রান্ত প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন। এছাড়াও তিনি বিদ্যুৎকেন্দ্রের কর্মকর্তাগণের সাথে আলোচনা সভায় অংশ নেন এবং বিদ্যুৎ কেন্দ্রসমূহ পরিচালন ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন।



ব্যবস্থাপনা পরিচালক সিদ্ধিরগঞ্জ ৩৩৫মেঃওঃ সিসিপিপি এর DAF Modification কাজ পরিদর্শনের একাংশ



ব্যবস্থাপনা পরিচালক সিদ্ধিরগঞ্জ ২X১২০ মেঃওঃ পিপিপি এর কন্ট্রোলরুম পরিদর্শনকালে কর্মকর্তাবৃন্দের সাথে মতবিনিময় করেন। এ সময় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বিদ্যুৎ কেন্দ্রের সার্বিক দিক নিয়ে আলোচনা করেন এবং প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন।



ব্যবস্থাপনা পরিচালক হরিপুর ৪১২মেঃওঃ সিসিপিপি এর কর্মকর্তাগণের সাথে আলোচনা সভা করেন এবং বিদ্যুৎকেন্দ্রের সার্বিক বিষয়ে আলোকপাত করেন।

ইজিসিবিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষে ১৭ই মার্চ, ২০২২ তারিখে ইজিসিবি'র সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ সিসিপিপি প্রাঙ্গণে বিদ্যুৎ কেন্দ্রের কর্মকর্তা/কর্মচারীদের ছেলে-মেয়েদের অংশগ্রহণে দিনব্যাপি চিত্রাঙ্কন, আবৃত্তি ও গানের প্রতিযোগিতা এবং আলোচনা সভার আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে ইজিসিবি লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক, নির্বাহী পরিচালক (পিএন্ডডি) ও নির্বাহী পরিচালক(ওএন্ডএম), ইজিসিবি'র বিদ্যুৎ কেন্দ্রসমূহের প্রধান প্রকৌশলী ও অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনীর উপর গুরুত্বপূর্ণ আলোচনা করা হয়। এ সময় জাতীয় জীবনের সার্বিক বিষয়ে জাতির পিতার আদর্শ অনুসরণ করার উপর আলোকপাত করা হয়। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শকে ধারণ করে সৎ ও নিষ্ঠার সঙ্গে সকলে দায়িত্ব পালন করবেন বলে বক্তারা আশাবাদ ব্যক্ত করেন।



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষে আয়োজিত আলোচনা সভার একাংশ



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষে ইজিসিবি'র সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ সিসিপিপি প্রাঙ্গণে বিদ্যুৎ কেন্দ্রের কর্মকর্তা/কর্মচারীদের ছেলে-মেয়েদের অংশগ্রহণে দিনব্যাপি চিত্রাঙ্কন, আবৃত্তি ও গানের প্রতিযোগিতা শেষে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন।



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জন্মবার্ষিকী উপলক্ষে ইজিসিবি লিঃ এর পক্ষ হতে বিদ্যুৎ ভবন ও সিদ্ধিরগঞ্জ ৩৩৫মেঃওঃ সিসিপিপি তে অবস্থিত বঙ্গবন্ধু কর্ণারে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

ইজিসিবিতে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

মুক্তিযুদ্ধের চেতনায় বাংলাদেশকে সমৃদ্ধির পথে নিয়ে যাওয়ার নতুন শপথ নিয়ে ২৬শে মার্চ ৫২তম স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপিত হয়। ২৬ শে মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে ইজিসিবি'র সিদ্ধিরগঞ্জ ২৫১২০ মেও পিপিপি এ পতাকা উত্তোলন, আলোকসজ্জা এবং বিশেষ অনুষ্ঠান ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইজিসিবির নির্বাহী পরিচালক (ওএন্ডএম) ও প্রধান প্রকৌশলী (সিদ্ধিরগঞ্জ ২৫১২০ মেঃওঃ পিপিপি) মহোদয় এবং কর্পোরেট দপ্তর ও বিদ্যুৎ কেন্দ্রের অন্যান্য কর্মকর্তাগণ। অনুষ্ঠানে জাতীয় জীবনে ২৬শে মার্চের গুরুত্ব ও তাৎপর্য নিয়ে আলোকপাত করা হয়। পরিশেষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, জাতীয় চার নেতা ও মুক্তিযুদ্ধে শহীদদের বিদেহী আত্মার শান্তি কামনা করে দোয়া করা হয়। এছাড়াও ২৬শে মার্চ প্রভাতে বিদ্যুৎ কেন্দ্রসমূহে জাতীয় পতাকা উত্তোলন করা হয় এবং বিদ্যুৎ কেন্দ্রসমূহে আলোকসজ্জার ব্যবস্থা করা হয়।



মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভা শেষে স্বাধীনতা যুদ্ধে আত্মত্যাগসর্গকারী শহীদদের আত্মার শান্তি কামনা করে দোয়া করা হয়



মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে ইজিসিবি'র আওতাধীন বিদ্যুৎ কেন্দ্রসমূহে ২৬শে মার্চ প্রভাতে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। এছাড়াও মুজিববর্ষে শতভাগ বিদ্যাতায়ন, ৭ই ও ১৭ই মার্চ এবং ২৬শে মার্চ স্বাধীনতা দিবস উপলক্ষে ইজিসিবি'র আওতাধীন বিদ্যুৎ কেন্দ্রসমূহে আলোকসজ্জার ব্যবস্থা করা হয়। ছবিতে ২৫১২০ মেঃওঃ পিপিপি তে জাতীয় পতাকা উত্তোলন ও শ্রদ্ধা জ্ঞাপনের একাংশ

